# সিডন্যাম থেকে ব্যাঙ্কসটাউন ট্রেন লাইন আপগ্রেড
## সাউথ ওয়েস্ট লিঙ্ক বাস সার্ভিস




**সিডনি মেট্রোর গমণ (রেল) পথ তৈরির সময় ১২ মাস পর্যন্ত, সোমবার ৩০ সেপ্টেম্বর ২০২৪ থেকে সিডন্যাম এবং ব্যাঙ্কস্টাউন এর মধ্যবর্তী স্টেশনগুলি বন্ধ থাকবে। এই সময়ে সাউথওয়েস্ট লিংক বাস সিডন্যাম এবং ব্যাঙ্কসটাউনের মধ্যেকার ট্রেনগুলিকে প্রতিস্থাপন করবে।**

## সাউথওয়েস্ট লিংক কি?

T3 ব্যাঙ্কসটাউন লাইন মেট্রোর মানগুলিতে আপগ্রেড এর সময়ে যাত্রীদের ভ্রমণ প্রক্রিয়া নিশ্চিত করতে সাউথওয়েস্ট লিংক হল সিডন্যাম এবং ব্যাঙ্কসটাউন ট্রেন স্টেশনগুলির মধ্যে একটি নিবেদিত, উচ্চ- ফ্রিকোয়েন্সিসম্পন্ন বা ঘন-ঘন বাস পরিষেবা।

**সাউথওয়েস্ট লিঙ্কের মূল বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে:**

- পৃথকভাবে নিবেদিত তিনটি বাস রুট
- প্রতিদিন সকাল থেকে গভীর রাত পর্যন্ত ঘন ঘন পরিষেবা, কিছু রুট জুড়ে পিক পিরিয়ডে প্রতি দুই থেকে চার মিনিটে একটি বাস সহ
- সমস্ত স্টপ এবং সীমিত স্টপ-এ পরিষেবার একটি সংমিশ্রণ।

সাউথওয়েস্ট লিংক একটি সমন্বিত পরিবহন পরিকল্পনার অংশ।

## সমন্বিত পরিবহন পরিকল্পনা কি?

সমন্বিত পরিবহন পরিকল্পনা হল T3 ব্যাঙ্কসটাউন লাইন রূপান্তরের কাজ চলাকালীন যাত্রীদের গন্তব্যে পৌছাতে সাহায্য করার জন্য তাদের জন্য উপলব্ধ সমস্ত বিকল্প পরিবহন একটি উপায়।

যাত্রীরা বেছে নিতে পারবেন:

- সাউথওয়েস্ট লিঙ্ক বাসগুলি
- সিডন্যামে মেট্রো সার্ভিসে উপস্থিত হওয়া এবং সেখান থেকে যাত্রা করা
- স্থানীয় বাস
- ট্রেন
- লাইট রেল
- সাইকেল চালানো এবং হাঁটার পথ।

## সাউথওয়েস্ট লিংক কখন শুরু হবে এবং এটি কতদিন পরিচালিত হবে?

সাউথওয়েস্ট লিঙ্ক বাসগুলি ৩০ সেপ্টেম্বর ২০২৪ থেকে শুরু হবে এবং ১২ মাস পর্যন্ত চালু থাকবে।

## সাউথওয়েস্ট লিংক বাসে বিনামূল্যে ভ্রমণ

T3 ব্যাঙ্কসটাউন লাইন রূপান্তরের কাজ চূড়ান্ত হওয়া পর্যন্ত সাউথওয়েস্ট লিংক বাসে ভ্রমণ সব যাত্রীর জন্য বিনামূল্যে করে দেয়া হবে।

নিয়মিত ট্রেন, বাস, ফেরী এবং লাইট রেল পরিষেবাগুলিতে সমস্ত ভ্রমণের জন্য ভাড়া নিয়মিতভাবে প্রযোজ্য হবে। এর মধ্যে নতুন T6 ট্রেন পরিষেবা অন্তর্ভুক্ত, যা লীডকম্ব স্টেশনের সাথে ব্যাঙ্কসটাউন সংযোগ করে।

মাল্টি-মডেল ডিসকাউন্ট এবং সাপ্তাহিক ভ্রমণ ক্যাপ সহ ওপাল সুবিধাগুলি একই থাকবে।

## সাউথওয়েস্ট লিংক পরিষেবাগুলি কি অ্যাক্সেসযোগ্য হবে?

হ্যাঁ। সাউথওয়েস্ট লিঙ্কের সকল রুটগুলিতে নিম্ন-তল-বিশিষ্ট আরোহণযোগ্য বাস পরিষেবা দেয়া হবে।

যেহেতু সাউথওয়েস্ট লিঙ্কের বাস স্টপগুলি প্রতিটি স্টেশনের নিকটস্থ রাস্তায় অবস্থিত, তাই অ্যাক্সেসিবিলিটির (বিশেষ সহায়তার) প্রয়োজন আছে এরকম যাত্রীদের পূর্ব পরিকল্পনা করা উচিত যাতে তারা বাস স্টপে ভ্রমণের সর্বোত্তম পথটি বেছে নিতে পারে।

## আপগ্রেড করার সময় কি আমার ভ্রমণের সময় বাড়বে?

হ্যাঁ। আপগ্রেডের সময় যাত্রীদের সিডন্যাম এবং ব্যাঙ্কসটাউনের মধ্যে তাদের যাত্রা সম্পূর্ণ করার জন্য অতিরিক্ত ভ্রমণের সময় দেওয়া উচিত। যাত্রীরা সাউথওয়েস্ট লিংক বাস ভ্রমণের পরিকল্পনা করতে সক্ষম হবেন, সেইসাথে পরিষেবাগুলি শুরু করার আগে অন্যান্য উপযুক্ত পরিবহন বিকল্পগুলি অন্বেষণ করতে পারবেন।

## আমি কিভাবে আমার সাউথওয়েস্ট লিঙ্ক ভ্রমণের পরিকল্পনা করতে পারি?

Transportnsw.info/trip-এ যাত্রীরা নতুন সাউথওয়েস্ট লিংক পরিষেবার পরিকল্পনা করতে পারবেন।

# সিডন্যাম থেকে ব্যাঙ্কসটাউন ট্রেন লাইন আপগ্রেড
## সাউথ ওয়েস্ট লিঙ্ক বাস সার্ভিস

### সাউথওয়েস্ট লিঙ্ক চলার সময়ে পার্কিং পরিবর্তন হবে কি?

হ্যাঁ। ১২ মাসের চূড়ান্ত রূপান্তরের সময় জুড়ে বাসগুলিকে দক্ষতার সাথে চালানোর অনুমতি দেওয়ার জন্য প্রভাবিত ট্রেন স্টেশনগুলির কাছাকাছি পার্কিং ব্যবস্থাগুলি পরিবর্তন করতে হবে।

### সিডন্যাম এবং ব্যাঙ্কসটাউন এর মধ্যে T3 ব্যাঙ্কসটাউন লাইনে কেন আপগ্রেড করা হচ্ছে?

সিডন্যাম এবং ব্যাঙ্কসটাউন এর মধ্যে ২০২৫ সন থেকে দ্রুত মেট্রো যাত্রী পরিষেবা প্রদানে সক্ষম করতে T3 ব্যাঙ্কসটাউন লাইনটিকে মেট্রোতে আপগ্রেড করা হচ্ছে।

চূড়ান্ত আপগ্রেডের কাজ কেবল তখনই শুরু হতে পারে যখন সিডনি ট্রেন পরিষেবাগুলি চলা বন্ধ হবে। এর মধ্যে রয়েছে ব্যাঙ্কটাউন স্টেশনে সিডনি ট্রেন এবং মেট্রো পরিষেবাগুলিকে আলাদা করার কাজ, সম্পূর্ণ স্টেশন আপগ্রেড করা, প্ল্যাটফর্মের স্ক্রিন দরজা লাগানো, ওভারহেড ওয়্যারিং, চূড়ান্ত ট্র্যাক অ্যালাইনমেন্টের কাজ, ট্রেন পরীক্ষা এবং কমিশনিং কার্যক্রম।

### চূড়ান্ত রূপান্তর সময়কালে যানজট কি বৃদ্ধি পাবে?

সিডন্যাম এবং ব্যাঙ্কসটাউনের মধ্যবর্তী সাবার্ব/শহরতলীর রাস্তার নেটওয়ার্ক বর্তমানে যানজটের সম্মুখীন হয়, বিশেষ করে পিক সময়ে।

এর জন্য ট্রান্সপোর্ট ফর NSW এই অস্থায়ী বিঘ্নের সময় ট্রাফিক প্রবাহকে সর্বাপেক্ষা অনুকূলে রাখতে সক্রিয় করিডোর পরিচালনার পদ্ধতি প্রয়োগ করবে। এর মধ্যে রয়েছে ব্যস্ত মোড়ে ট্রাফিক লাইটের সর্বোৎকৃষ্ট ব্যবহার এবং ক্যান্টারবেরি রোড সহ মূল করিডোরে টো-ট্রাকের ব্যবহার।

### ব্যাঙ্কটাউনের পশ্চিমের ট্রেন স্টেশনগুলিতে কী পরিবর্তন করা হয়েছে?

একটি নতুন সময়সূচী চালু করা হবে যা নিশ্চিত করবে যে ব্যাঙ্কসটাউনের পশ্চিমের যাত্রীরা ট্রেন পরিষেবাগুলিতে অ্যাক্সেস অব্যাহত থাকে।

#### T3 লিভারপুল এবং ইনার ওয়েস্ট লাইন

৩০ সেপ্টেম্বর থেকে, বর্তমানে লিভারপুল এবং সিটি সার্কেলের মধ্যে ব্যাঙ্কসটাউন হয়ে ট্রেন পরিষেবাগুলি নতুন T3 লিভারপুল এবং ইনার ওয়েস্ট লাইনে রিজেন্টস পার্ক এবং লিডকম্ব হয়ে সিডনি সিবিডিতে চলবে। এটি বেরালা, রিজেন্টস পার্ক, ক্যারামার, ভিলাউড, লেইটনফিল্ড, চেস্টার হিল এবং সেফটন থেকে সিডনি CBD-তে সরাসরি পরিষেবা বজায় রাখে।

#### শীঘ্রই আসছে: T6 লীডকম্ব এবং ব্যাঙ্কসটাউন লাইন

লীডকম্ব এবং ব্যাঙ্কসটাউন এর মধ্যে একটি নতুন ট্রেন পরিষেবা চালু করা হবে। যাত্রীরা সিডনি সিবিডি, লিভারপুল বা ব্যাঙ্কসটাউনে পরিষেবাগুলি অ্যাক্সেস করতে রিজেন্টস পার্কে নতুন T6 লীডকম্ব এবং ব্যাঙ্কসটাউন লাইন এবং T3 লিভারপুল এবং ইনার ওয়েস্ট লাইনের মধ্যে আদান-প্রদান করতে সক্ষম হবে। উপলব্ধ হলে ট্রান্সপোর্ট এ সম্পর্কে আরও বিস্তারিত শেয়ার করবে।


#### ট্রেন প্রতিস্থাপন বাস

চূড়ান্ত রূপান্তর সময়ের মধ্যে মাঝে মাঝে, বাসগুলি ট্র্যাক আপগ্রেড এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রমের জন্য লীডকম্ব এবং ব্যাঙ্কসটাউন এর মধ্যে T6 লাইনে ট্রেনগুলিকে প্রতিস্থাপন করবে।

### আরস্ক্যানভিল এবং সেন্ট পিটার্সের যাত্রীদের জন্য কি পরিবর্তন হবে?

আরস্ক্যানভিল এবং সেন্ট পিটার্স এর যাত্রীরা T8 এয়ারপোর্ট এবং সাউথ লাইনের সাথে সিডনি CBD-তে থেকে সরাসরি পরিষেবা পেতে থাকবে।

### সাউথ ওয়েস্ট লিঙ্ক বাস সার্ভিস




### সাউথওয়েস্ট লিংক বাস সার্ভিস এর ফ্রিকোয়েন্সি

**প্রতি ২ থেকে ৪ মিনিট**
পিক পিরিয়ডের সময়

**অন্তত প্রতি ১০ মিনিটে**
দিনের বেশিরভাগ সময় জুড়ে


**অন্তত প্রতি ১৫ মিনিটে**
রাতের শেষভাগে

NSW GOVERNMENT Transport

সিডনি মেট্রোর জন্য গমণ (রেল) পথ তৈরি হচ্ছে

# সিডন্যাম থেকে ব্যাঙ্কসটাউন ট্রেন লাইন আপগ্রেড

## সাউথ ওয়েস্ট লিঙ্ক বাস সার্ভিস




## আমি কিভাবে অবহিত থাকতে পারি?

আপগ্রেডের সময় সাউথওয়েস্ট লিঙ্ক এবং অন্যান্য উপযুক্ত পরিবহন বিকল্পগুলি সম্পর্কে অবগত থাকতে এবং সময়মত আপডেট পেতে **transportnsw.info/southwestlink**-এ যান

NSW GOVERNMENT Transport

**সিডনি মেট্রোর জন্য গমণ (রেল) পথ তৈরি হচ্ছে**